গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পায়রা বন্দর কর্তৃপক্ষ
কলাপাড়া, পটুয়াখালী - ৮৬৫০
www.ppa.gov.bd

নম্বর-১৮.২১.৭৮৬৬.০০০.০০১.১১.০০৭০.২৬.২৭২

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

**বিষয়: পায়রা বন্দর কর্তৃপক্ষের সরাসরি নিয়োগের লক্ষ্যে মৌখিক পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ।**

পায়রা বন্দর কর্তৃপক্ষের ১১ ক্যাটাগরির ১৮টি পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে গত ০৩ জুলাই ২০২৬ তারিখ প্রকাশিত লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিভিন্ন পদে নির্বাচিত প্রার্থী এবং পাইলট পদে সরাসরি মৌখিক পরীক্ষার জন্য আবেদনকৃত প্রার্থীগণের মৌখিক পরীক্ষা নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| ক্রম | পদের নাম | মৌখিক পরীক্ষার তারিখ ও সময় | মৌখিক পরীক্ষার স্থান |
|---|---|---|---|
| ১। | ক। পাইলট<br>খ। সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ২১ জুলাই ২০২৬<br>সকাল ১০:০০ ঘটিকা | পাবক ঢাকা অফিস: আল-আমিন মিলেনিয়াম টাওয়ার (লেভেল-৭), ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা-১০০০। |
| ২। | ক। সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>খ। সহকারী পরিচালক (সমন্বয়) | ২২ জুলাই ২০২৬<br>সকাল ১০:০০ ঘটিকা | |
| ৩। | ক। কার্পেন্টার<br>খ। ইনল্যান্ড মাস্টার (১ম শ্রেণি) | ২২ জুলাই ২০২৬<br>বেলা ০২:০০ ঘটিকা | |
| ৪। | লস্কর | ২৩ জুলাই ২০২৬<br>সকাল ১০:০০ ঘটিকা | |
| ৫। | পরিচ্ছন্নতা কর্মী | ২৩ জুলাই ২০২৬<br>বেলা ০২:০০ ঘটিকা | |

২। মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীদের প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। পাইলট পদের প্রার্থীসহ যে কোন প্রার্থী https//ppa.teletalk.com.bd থেকে প্রবেশ পত্র ডাউনলোড করতে পারবেন।

৩। অনলাইনে আবেদনের প্রিন্ট/হার্ড কপি, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদের মূল কপি, স্থায়ী ঠিকানা সমর্থনে জাতীয়তা/নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র, প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গ সনদ, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) সঙ্গে আনতে হবে।

৪। মৌখিক পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে সকল সনদের এক সেট সত্যায়িত ফটোকপি পরীক্ষা কেন্দ্রে জমা দিতে হবে।

৫। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬। কোন ক্ষেত্রে যাচিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন সময় প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে অথবা দুর্নীতি/অসত্য তথ্য প্রদান/কোন জাল সনদ দাখিল/অসদুপায় অবলম্বন/প্রতারণার আশ্রয় নিলে বা সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের ঘাটতি/ত্রুটি দেখা গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

১৬/৭/২৬

মোঃ হারুন-অর-রশীদ
সদস্য (প্রশাসন ও অর্থ)
পায়রা বন্দর কর্তৃপক্ষ

সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে:

১। ১১তম থেকে তদুর্ধ্ব গ্রেডের পদে বিভাগীয় নির্বাচনী কমিটির সকল সদস্য।

২। ১২তম থেকে ২০তম গ্রেড পর্যন্ত পদে বিভাগীয় নির্বাচনী কমিটির সকল সদস্য।

৩। একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, পায়রা বন্দর কর্তৃপক্ষ